# জাতীয় বিশ্ববিদ্যালয়

# ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সের ভর্তি নির্দেশিকা

# শিক্ষাবর্ষ: ২০২০-২০২১

**ভর্তি বিষয়ক ওয়েবসাইট: (www.nu.ac.bd/admissions)**

## সাধারণ নির্দেশনা

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে অনলাইন প্রাথমিক আবেদন ১২ সেপ্টেম্বর বিকাল ৪টা থেকে শুরু হয়ে ২৮ সেপ্টেম্বর ২০২১ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। আগ্রহী প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আবেদন ফরম পূরণ করতে হবে এবং প্রাথমিক আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাকিং এর মাধ্যমে ২৯ সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। এ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের অনলাইন ক্লাস ২০ অক্টোবর ২০২১ তারিখ থেকে শুরু হবে।

খ) ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সের ভর্তি কার্যক্রমে আবেদনকারী প্রার্থীদের শুধুমাত্র **SSC** ও **HSC** পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে মেধা তালিকা প্রণয়ন করে কোর্স বরাদ্দ দেয়া হবে।

গ) ভর্তি কার্যক্রমের বিস্তারিত সময়সূচি ও মেধা তালিকা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের **(www.nu.ac.bd/admissions)** মাধ্যমে জানা যাবে। **SMS (nu<space>athp<space>roll no** টাইপ করে **16222** নম্বরে **send** করতে হবে**)** এর মাধ্যমে আবেদনকারী শুধুমাত্র মেধা তালিকায় স্থান পেয়েছে কিনা তা জানতে পারবে।

ঘ) প্রাথমিক আবেদন ফরমে কোন আবেদনকারীর তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর ভর্তি বাতিল বলে গণ্য হবে।

ঙ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮-২০১৯ অথবা ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তি হওয়ার পর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু হয়ে থাকলে সে সকল শিক্ষার্থী ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সে ভর্তি হতে পারবে না। তবে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সে ভর্তি হতে পারবে।

চ) একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

ছ) এই ভর্তি নির্দেশিকার যে কোন নিয়মাবলী/ধারা/উপধারা সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

বি: দ্র: সংশ্লিষ্ট সকলকে কোভিড-১৯ মহামারি সম্পর্কিত সকল স্বাস্থ্যবিধি মেনে এ ভর্তি কার্যক্রম অনলাইনে সম্পন্ন করতে হবে।

১। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে মানবিক/বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা শাখা থেকে উত্তীর্ণ শিক্ষার্থীদের ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সে আবেদনের ন্যূনতম যোগ্যতা

ক) আবেদনের যোগ্যতা

| ক্রমিক | SSC ও সমমান পরীক্ষায় ন্যূনতম যোগ্যতা | | | HSC ও সমমান পরীক্ষায় ন্যূনতম যোগ্যতা | | |
|---|---|---|---|---|---|---|
| | পরীক্ষার নাম | পাসের সন | ন্যূনতম GPA | পরীক্ষার নাম | পাসের সন | ন্যূনতম GPA (৪র্থ বিষয়সহ) |
| ১) | SSC ও সমমান (মানবিক শাখা) | ২০১৬/২০১৭/২০১৮ | 2.5 | HSC ও সমমান (মানবিক শাখা) | ২০১৮/২০১৯/২০২০ | 2.5 |
| ২) | SSC ও সমমান (বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা) | ২০১৬/২০১৭/২০১৮ | 3.0 | HSC ও সমমান (বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা) | ২০১৮/২০১৯/২০২০ | 2.5 |
| | | | | বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড থেকে HSC (ভোকেশনাল), HSC (বিজনেস্ ম্যানেজমেন্ট) ও ডিপ্লোমা-ইন-কমার্স | | |

খ) আবেদনকারী প্রার্থীদের উচ্চ মাধ্যমিক ও সমমান পরীক্ষায় পঠিত বিষয়সমূহ থেকে ভর্তি যোগ্য (Eligible) কোর্স নির্ধারণ করা হবে। উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.০ থাকতে হবে।

গ) ২০১৬/২০১৭/২০১৮ সালের O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত চারটি বিষয়ে উত্তীর্ণ এবং ২০১৮/২০১৯/২০২০ সালের A-Level পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত দুইটি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল প্রার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ই-মেইল এ্যাড্রেসে (deanug@nubd.info) আবেদন পত্র প্রেরণ করবে। সাদা কাগজে লিখিত আবেদন পত্রে প্রার্থীর ভর্তিচ্ছু প্রতিষ্ঠানের নাম, প্রার্থিত কোর্সের নাম ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। এছাড়া আবেদন পত্রের সঙ্গে প্রার্থীর O-Level ও A-Level পরীক্ষার ট্রান্সক্রিপ্ট ও পাসপোর্ট সাইজের দুই কপি ছবি সংযুক্ত করতে হবে।

ঘ) বিদেশী সার্টিফিকেটধারী প্রার্থীদের ক্ষেত্রে বাংলাদেশ-এর স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড কর্তৃক তাদের অর্জিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের নম্বর পত্রের সমতা নিরূপণ করা হলে তারাও এ ভর্তি কার্যক্রমে সকল শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল প্রার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ই-মেইল এ্যাড্রেসে (deanug@nubd.info) আবেদন পত্র প্রেরণ করবে। সাদা কাগজে লিখিত আবেদন পত্রে প্রার্থীর ভর্তিচ্ছু প্রতিষ্ঠানের নাম, প্রার্থিত কোর্সের নাম ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। এছাড়া আবেদন পত্রের সঙ্গে প্রার্থীর সকল পরীক্ষার ট্রান্সক্রিপ্ট, শিক্ষা বোর্ড কর্তৃক সমতা নিরুপনের কপি ও পাসপোর্ট সাইজের দুই কপি ছবি সংযুক্ত করতে হবে।

ঙ) আবেদনকারী উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় যে শাখা থেকে উত্তীর্ণ হয়েছে তাকে সেই শাখার জন্য নির্ধারিত প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে। উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গার্হস্থ্য অর্থনীতি শাখা থেকে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক শাখার আবেদন ফরম পূরণ করবে।

২। ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে নির্বাচিত কোর্সসমূহে আবেদনের ন্যূনতম যোগ্যতা

| ক্রমিক | ভর্তিচ্ছু কোর্স | নিম্নের বিষয়সমূহের যে কোন একটিতে উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় পঠিত বিষয় হিসাবে থাকতে হবে। উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.০ পেতে হবে | উচ্চ মাধ্যমিক/সমমান পর্যায়ে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য আসন বন্টন (শতকরা হারে) |
|---|---|---|---|
| ১। | Bachelor of Business Administration (BBA) | ১। হিসাববিজ্ঞান (Accounting)<br>২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (Business Organization & Management)<br>৩। ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা (Finance, Banking and Insurance)<br>৪। উৎপাদন ব্যাবস্থাপনা ও বিপণন (Production Mangement & Marketing)<br>৫। অর্থনীতি (Economics)<br>৬। পরিসংখ্যান (Statistics)<br>৭। উচ্চতর গণিত (Higher Mathematics) | মানবিক শাখা → ১৫%<br>বিজ্ঞান শাখা → ১৫%<br>ব্যবসায় শিক্ষা শাখা → ৭০%<br>► মেধা তালিকা দেয়ার পরও যদি কোর্সভিত্তিক আসন শূন্য থাকে সেক্ষেত্রে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য নির্ধারিত আসন বন্টনের শতকরা হার রহিত করে রিলিজ স্লিপের ফলাফল প্রকাশ করা হবে। |
| ২। | Bachelor of Education (BEd) | ১। বাংলা (Bangla)<br>২। ইংরেজি (English) | মানবিক শাখা → ৪০%<br>বিজ্ঞান শাখা → ২০ %<br>ব্যবসায় শিক্ষা শাখা → ৪০% |
| ৩। | Apparel Manufacture and Technology (AMT) | ১। গার্হস্থ্য অর্থনীতি (Home Economics)<br>২। গার্হস্থ্য বিজ্ঞান (Home Science)<br>৩। ব্যবহারিক শিল্পকলা এবং বস্ত্র ও পোশাক শিল্প (Applied Art & Clothing & Textile)<br>৪। সমাজবিজ্ঞান (Sociology) | ► মেধা তালিকা দেয়ার পরও যদি কোর্সভিত্তিক আসন শূন্য থাকে সেক্ষেত্রে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য নির্ধারিত আসন |
| ৪। | Fashion Design and Technology (FDT) | | |

| | | | |
|---|---|---|---|
| ৫। | Knitwear Manufacture and Technology (KMT) | ৫। সমাজকল্যাণ (Social Welfare)<br>৬। অর্থনীতি (Economics)<br>৭। পৌরনীতি ও সুশাসন (Civics & Good Governance)<br>৮। হিসাববিজ্ঞান (Accounting)<br>৯। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (Business Organization & Management)<br>১০। পরিসংখ্যান (Statistics)<br>১১। উচ্চতর গণিত (Higher Mathematics)<br>১২। পদার্থবিজ্ঞান (Physics)<br>১৩। রসায়ন (Chemistry)<br>১৪। জীববিজ্ঞান (Biology) | বন্টনের শতকরা হার রহিত করে রিলিজ স্লিপের ফলাফল প্রকাশ করা হবে। |
| ৬। | Computer Science and Engineering (CSE) | ১। পদার্থবিজ্ঞান (Physics)<br>২। রসায়ন (Chemistry)<br>৩। উচ্চতর গণিত (Higher Mathematics) | বিজ্ঞান শাখা → ১০০% |
| ৭। | Electronics and Communication Engineering (ECE) | | |
| ৮। | Bachelor of Fine Arts (BFA) | ১। বি.এফ.এ প্রি ডিগ্রী | বি.এফ.এ প্রি ডিগ্রী → ১০০% |
| ৯। | Tourism and Hospitality Management (THM) | ১। বাংলা (Bangla)<br>২। ইংরেজি (English) | ▶ উচ্চ মাধ্যমিক/সমমান পর্যায়ে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য মেধাস্কোরের ভিত্তিতে আসন বণ্টন করা হবে। |
| ১০। | Theatre and Media Studies (TMS) | | |
| ১১। | BBA in Aviation Management | ১। হিসাববিজ্ঞান (Accounting)<br>২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (Business Organization & Management)<br>৩। ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা (Finance, Banking and Insurance)<br>৪। উৎপাদন ব্যাবস্থাপনা ও বিপণন (Production Mangement & Marketing)<br>৫। অর্থনীতি (Economics)<br>৬। পরিসংখ্যান (Statistics)<br>৭। উচ্চতর গণিত (Higher Mathematics) | মানবিক শাখা → ১৫%<br>বিজ্ঞান শাখা → ১৫%<br>ব্যবসায় শিক্ষা শাখা → ৭০%<br>▶ মেধা তালিকা দেয়ার পরেও যদি কোর্সভিত্তিক আসন শূন্য থাকে সেক্ষেত্রে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য নির্ধারিত আসন বন্টনের শতকরা হার রহিত করে রিলিজ স্লিপের ফলাফল প্রকাশ করা হবে। |
| ১২। | BSc in Aeronautical and Aviation Science and Engineering | ১। উচ্চতর গণিত (Higher Mathematics)<br>২। পদার্থবিজ্ঞান (Physics) | বিজ্ঞান শাখা → ১০০% |

৩। অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও করণীয়

| ফরম পূরণের ধাপসমূহ | করণীয় |
|---|---|
| লগইন (Login) | আবেদনকারীকে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Professional Tab-এ গিয়ে Apply Now (Hons. Professional) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয়, পাসের সন ও একটি নিবন্ধিত মোবাইল নম্বর (নিজের অথবা অভিভাবকের) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে ভবিষ্যতে শিক্ষার্থীর শিক্ষা সহায়ক সকল তথ্য প্রদানের ক্ষেত্রে এই মোবাইল নম্বরটি ব্যবহার করা হবে। |
| সঠিক লিঙ্গ (Gender) নির্ধারণ | ডাটাবেজে সংরক্ষিত তথ্য অনুযায়ী আবেদনকারীর তথ্য ছকে Male এর স্থলে Female অথবা Female এর স্থলে Male প্রদর্শিত হলে Click to Change অপশনে গিয়ে সঠিক Gender এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, Gender ত্রুটির কারণে কোন পুরুষ আবেদনকারী মহিলা কলেজে আবেদন করলে তার আবেদন বাতিল বলে গণ্য হবে। |
| কলেজ নির্বাচন ও কোর্স পছন্দক্রম নির্ধারণ | আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলাভিত্তিক যে কোন কলেজের নাম Select করলে সংশ্লিষ্ট কলেজে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সের অধিভুক্ত কোর্সসমূহের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে। আবেদনকারী তথ্য ছক থেকে পছন্দ অনুযায়ী একটি কলেজ Select করলে সংশ্লিষ্ট কলেজে তার ভর্তি যোগ্য (Eligible) কোর্সের তালিকা দেখতে পাবে এবং এই তালিকা থেকে আবেদনকারীকে সর্তকতার সঙ্গে তার প্রার্থিত কোর্সের পছন্দক্রম নির্ধারণ করতে হবে। আবেদনকারীর পছন্দক্রম অনুসারে মেধার ভিত্তিতে কোর্স বরাদ্দ দেয়া হবে। |
| কোটা নির্বাচন | মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী/পোষ্য কোটায় ভর্তি হতে ইচ্ছুক আবেদনকারীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা Select করতে হবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে। একজন প্রার্থী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে এন্ট্রি দিতে হবে। |

| | |
|---|---|
| ছবি সংযোজন | প্রাথমিক ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারের সম্প্রতি তোলা রঙ্গিন ছবি Scan করে আপলোড করতে হবে। ছবির মাপ 120×150 pixels, Image Type: jpg এবং maximum file size:50Kb হতে হবে।<br>আবেদনকারীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ আবেদনকারীর ভর্তি বাতিল বলে গণ্য হবে। |
| ফরম চূড়ান্তকরণ | আবেদনকারীকে সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে প্রথমে ফরমটি Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে প্রিন্ট/pdf কপি সংগ্রহ করতে হবে। |
| আবেদন ফরম বাতিলকরণ/ক্রটিপূর্ণ ছবি পরিবর্তন | আবেদনকারীকে তার প্রাথমিক আবেদন ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি সঠিক আছে কিনা তা যাচাই করে নিতে হবে। আবেদন ফরমে তথ্যগত অমিল বা ত্রুটিপূর্ণ ছবি থাকলে তা সংশোধন করতে হবে। আবেদন ফরম সংশোধনের জন্য আবেদনকারীকে Applicant Login অপশনে Professional Login লিংকে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারী Form Cancel/Photo Change Option লিংকে গিয়ে Click to Generate the Security Key অপশনটি ক্লিক করলে তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে One Time Password (OTP) পাবে। এই OTP এন্ট্রি দিয়ে আবেদনকারী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও সঠিক ছবি আপলোড করতে পারবে। উল্লেখ্য যে, আবেদনকারী শুধুমাত্র একবারই ফরম বাতিলের সুযোগ পাবে। কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করা হলে ঐ আবেদনকারী আর ফরম বাতিল করতে পারবে না। |
| সংশ্লিষ্ট কলেজে প্রাথমিক আবেদন ফি প্রদান | আবেদনকারীকে প্রাথমিক আবেদন ফরমের প্রিন্ট/পিডিএফ কপি সংরক্ষণ করতে হবে এবং প্রাথমিক আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে জমা দিতে হবে। কলেজ যে সকল প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করবে সে সকল আবেদনকারী তাদের মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে তা জানতে পারবে। প্রাথমিক আবেদন নিশ্চয়ন ব্যতীত কোন আবেদনকারীকেই মেধা তালিকায় অর্ন্তভুক্ত করা হবে না। |

৪। মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী (*সমাজসেবা অধিদপ্তর কর্তৃক স্বীকৃত হতে হবে*) কোটা সম্পর্কিত তথ্য ও সংরক্ষিত আসন কোটার জন্য সংরক্ষিত আসন কোর্সভিত্তিক বরাদ্দকৃত আসনের অতিরিক্ত হিসাবে বিবেচিত হবে।

| কোটার প্রকৃতি | সংশ্লিষ্ট কলেজ/ইন্সটিটিউটের অধিভুক্ত প্রতিটি কোর্সে সর্বোচ্চ ০৫ (পাঁচ) টি আসন কোটার জন্য সংরক্ষিত থাকবে<br>কোর্সভিত্তিক আসন বণ্টন | কোটার কোর্সভিত্তিক সর্বোচ্চ ০৫ (পাঁচ) টি আসনের শর্তপূরণ সাপেক্ষে একটি কলেজ/ইন্সটিটিউটে কোটার আসন সর্বমোট ২৫ (পঁচিশ) টির অধিক হবে না<br>কলেজ/ইন্সটিটিউট ভিত্তিক আসন বণ্টন | কোটায় আবেদন করার শর্ত |
|---|---|---|---|
| মুক্তিযোদ্ধার সন্তান | ০৩ টি | ১৫ টি | সংশ্লিষ্ট কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদ পত্র থাকতে হবে। |
| আদিবাসি | ০১ টি | ০৭ টি | |
| প্রতিবন্ধী | ০১ টি | ০৩ টি | |
| মোট | ০৫ টি | ২৫ টি | |

৫। পোষ্য (Ward) কোটায় আবেদন

স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সের ভর্তি কার্যক্রমে জাতীয় বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান/সন্তানাদি পোষ্য কোটায় আবেদন করতে পারবে। এ কোটায় আবেদনকারীকে পোষ্যের প্রমাণ পত্রের সঙ্গে জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দফতর থেকেও পোষ্য হিসাবে প্রত্যয়ন পত্র সংগ্রহ করতে হবে। পোষ্য কোটায় আবেদনের জন্য আবেদনকারীকে ভর্তি নির্দেশিকার সকল শর্ত পূরণ করতে হবে। একটি কলেজে সর্বোচ্চ ০৩ (তিন) জন আবেদনকারী মেধার ভিত্তিতে পোষ্য কোটায় ভর্তি হতে পারবে এবং এ আসন অতিরিক্ত বলে বিবেচিত হবে ।

৬। ফলাফল ও মেধা তালিকা

ক) প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে মেধা তালিকা তৈরী করে প্রার্থীদের পছন্দক্রম অনুযায়ী ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে কোর্স বরাদ্দ দেয়া হবে।

খ) একই প্রতিষ্ঠান/কলেজে একই কোর্সে দুই বা ততোধিক আবেদনকারীর মেধাক্রম এক হলে সেক্ষেত্রে পর্যায়ক্রমে এ সকল আবেদনকারীর i) ৪র্থ বিষয়সহ SSC ও HSC পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর যথাক্রমে ৪০% ও ৬০% ii) প্রয়োজন হলে SSC ও HSC পরীক্ষার মোট প্রাপ্ত নম্বরের যথাক্রমে ৪০% ও ৬০% iii) এর পরেও যদি দুই বা ততোধিক আবেদনকারীর মেধাক্রম এক হয়, সেক্ষেত্রে যার বয়স কম হবে তাকে অগ্রাধিকার দিয়ে মেধাক্রম প্রণয়ন করা হবে।

গ) এ ভর্তি কার্যক্রম পর্যায়ক্রমে প্রথম মেধা তালিকা, শূন্য আসন সাপেক্ষে দ্বিতীয় মেধা তালিকা, বিশেষ কোটা এবং রিলিজ স্লিপ (প্রয়োজনে একাধিকবার তবে দুইয়ের অধিক নয়) এর মাধ্যমে সম্পন্ন করা হবে।

ঘ) সংশ্লিষ্ট কলেজ User ID, Password ও OTP ব্যবহার করে কোর্সভিত্তিক মেধা তালিকার ফলাফল দেখতে পারবে। আবেদনকারী প্রার্থীরা ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এবং SMS (nu<space>athp<space>roll no টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে অথবা কলেজ থেকে ফলাফল জানতে পারবে।

## ৭। ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে মেধাক্রম প্রণয়ন পদ্ধতি

**ধাপ-ক**

| রোল নং | SSC জিপিএ | HSC জিপিএ | মোট= SSC জিপিএ (৪০%) + HSC জিপিএ (৬০%) | মেধাক্রম |
|---|---|---|---|---|
| 111 | 5 | 5 | 2+3=5 | 1 |
| 112 | 5 | 4.8 | 2+2.88=4.88 | 2 |

**ধাপ-খ**

| রোল নং | SSC জিপিএ | HSC জিপিএ | মোট= SSC জিপিএ (৪০%) + HSC জিপিএ (৬০%) | SSC প্রাপ্ত নম্বর | HSC প্রাপ্ত নম্বর | মোট= SSC তে প্রাপ্ত নম্বরের এর ৪০% + HSC তে প্রাপ্ত নম্বরের ৬০% | মেধাক্রম |
|---|---|---|---|---|---|---|---|
| 111 | 5 | 5 | 2+3=5 | 820 | 860 | 328+516=844 | 1 |
| 112 | 5 | 5 | 2+3=5 | 820 | 810 | 328+486=814 | 2 |

**ধাপ-গ**

| রোল নং | SSC জিপিএ | HSC জিপিএ | মোট= SSC জিপিএ (৪০%) + HSC জিপিএ (৬০%) | SSC প্রাপ্ত নম্বর | HSC প্রাপ্ত নম্বর | মোট= SSC তে প্রাপ্ত নম্বরের এর ৪০%+ HSC তে প্রাপ্ত নম্বরের ৬০% | আবেদনকারীর বয়স | মেধাক্রম |
|---|---|---|---|---|---|---|---|---|
| 111 | 5 | 5 | 2+3=5 | 820 | 860 | 328+516=844 | 18 Y | 1 |
| 112 | 5 | 5 | 2+3=5 | 820 | 860 | 328+516=844 | 18 Y 2 M | 2 |

## ৮। মেধা তালিকা/কোটা/রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি সম্পর্কিত করণীয়

| ফরম পূরণের ধাপসমূহ | করণীয় |
|---|---|
| লগইন (Login) | মেধা তালিকা/কোটা/রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীকে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Applicant Login অপশনে Professional Login লিংকে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে।। এক্ষেত্রে আবেদনকারীর নাম, বরাদ্দকৃত কোর্স, কলেজের নাম ও অন্যান্য তথ্যসহ চূড়ান্ত ভর্তি ফরম ওয়েবসাইটে প্রদর্শিত হবে। |
| কোর্স পরিবর্তনের আবেদন | মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী তার কোর্স পরিবর্তন করতে চাইলে আবেদন ফরমে কোর্স পরিবর্তনের নির্দিষ্ট ঘরে Yes অপশনটি সিলেক্ট করতে হবে। উল্লেখ্য যে, কোটা অথবা রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের কোর্স পরিবর্তনের কোন সুযোগ থাকবে না। |
| চূড়ান্ত ভর্তি ফরমের প্রিন্ট/pdf কপি সংগ্রহ | সঠিক তথ্যসহ আবেদন ফরমটি Submit Application অপশনে ক্লিক করলে চূড়ান্ত ভর্তি ফরম ওয়েবসাইটে প্রদর্শিত হবে। ফরমটি ডাউনলোড করে দুই কপি A4 (8.5”×11”) অফসেট কাগজে প্রিন্ট/pdf কপি সংগ্রহ করতে হবে। পরবর্তীতে রোল নম্বর ও পিন কোড দিয়ে একাধিকবার ফরমটি প্রিন্ট নেয়া যাবে। |
| সংশ্লিষ্ট কলেজে চূড়ান্ত ভতি ফি জমা | শিক্ষার্থীকে চূড়ান্ত ভর্তি ফরমের প্রিন্ট/পিডিএফ কপি সংরক্ষণ করতে হবে এবং সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে কোর্সভিত্তিক রেজিস্ট্রেশন ফি (অনুচ্ছেদ-১৩ এ বর্ণিত হারে) জমা দিতে হবে। সংশ্লিষ্ট কলেজ যে সকল চূড়ান্ত আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করবে সে সকল শিক্ষার্থী তাদের মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে তা জানতে পারবে। |
| কোর্স পরিবর্তনের ফলাফল ও করণীয় | সংশ্লিষ্ট কলেজে কোর্সভিত্তিক আসন শূন্য থাকা সাপেক্ষে ও মেধা স্কোরের ভিত্তিতে শিক্ষার্থীদের পছন্দক্রম অনুযায়ী কোর্স পরিবর্তন করে দেয়া হবে এবং ভর্তি সংশ্লিষ্ট website/SMS এর মাধ্যমে তা শিক্ষার্থীদের জানিয়ে দেয়া হবে। হবে। শিক্ষার্থীর কোর্স পরিবর্তন হলে ওয়েবসাইট থেকে একই প্রক্রিয়ায় কোর্স পরিবর্তনের ফরম সংগ্রহ করতে হবে। উল্লেখ্য যে, কোন শিক্ষার্থীর কোর্স পরিবর্তন হলে তার পূর্বের কোর্সে ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরিবর্তীত কোর্সে তার ভর্তি নিশ্চিত হবে। তবে কোন শিক্ষার্থীর কোর্স পরিবর্তন না হলে তার পূর্বের কোর্সে ভর্তি বহাল থাকবে।<br>► কোর্স পরিবর্তনের ক্ষেত্রে আবেদনকারীকে কোন ফি প্রদান করতে হবে না। |
| কোটার ফলাফল | রিলিজ স্লিপের ফরম পূরণের পূর্বে কোটার মেধা তালিকা প্রকাশ করা হবে। যে সকল শিক্ষার্থী ইতোমধ্যে মেধা তালিকায় স্থান পেয়ে ভর্তি হয়েছে এবং একই সঙ্গে কোটায় নতুন কোর্স বরাদ্দ পেয়েছে সে সকল শিক্ষার্থী কোটায় বরাদ্দকৃত কোর্সে ভর্তি হতে চাইলে তাদের পূর্বের ভর্তি বাতিল হয়ে যাবে। এক্ষেত্রে কোটার ভর্তির জন্য শিক্ষার্থীকে কোন ফি প্রদান করতে হবে না। |

## ৯। দ্বৈত ভর্তি বাতিল সম্পর্কিত জ্ঞাতব্য

২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী ২০১৮-২০১৯ অথবা ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তি হয়ে রেজিস্ট্রেশন কার্ড প্রাপ্ত হলে তাকে অবশ্যই পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে এ শিক্ষা কার্যক্রমে ভর্তি হতে হবে। উল্লেখ্য যে, ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রম চলমান থাকা অবস্থায় কোন শিক্ষার্থী ভর্তি বাতিল করলে তা পুন:বহাল করার সুযোগ থাকবে না।

## ১০। রিলিজ স্লিপে আবেদন করার শর্তাবলী ও ফরম পূরণ সম্পর্কিত করণীয়

যে সকল আবেদনকারী মেধা তালিকায় স্থান পাবে না অথবা মেধা তালিকায় ভর্তি হয়ে পরবর্তীতে ভর্তি বাতিল করবে অথবা মেধা তালিকায় স্থান পেয়েও বরাদ্দকৃত কোর্সে ভর্তি হবে না, সে সকল আবেদনকারী কোর্সভিত্তিক শূন্য আসন থাকা সাপেক্ষে তিনটি কলেজে আলাদাভাবে কোর্স পছন্দক্রম নির্ধারণ করে রিলিজ স্লিপের জন্য আবেদন করতে পারবে। কলেজ কর্তৃক যে সকল আবেদনকারীর প্রাথমিক আবেদন নিশ্চয়ন করা হবে না সে সকল আবেদনকারী রিলিজ স্লিপে আবেদন করতে পারবে না।

| রিলিজ স্লিপের ধাপসমূহ | করণীয় |
|---|---|
| লগইন **(Login)** | রিলিজ স্লিপে আবেদনের জন্য আবেদনকারীকে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **(www.nu.ac.bd/admissions) Applicant Login** অপশনে **Professional Login** লিংকে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এক্ষেত্রে আবেদনকারীর নাম ও অন্যান্য তথ্যসহ রিলিজ স্লিপের আবেদন ফরম ওয়েবসাইটে প্রদর্শিত হবে। |
| কলেজ ও কোর্স পছন্দক্রম নির্ধারণ | রিলিজ স্লিপে আবেদনের জন্য **College Selection Option** এ গিয়ে আবেদনকারী তার পছন্দ অনুযায়ী কলেজ **Select** করলে ঐ কলেজের কোর্সভিত্তিক শূন্য আসনের তালিকা ও তার **Eligible** কোর্সের তালিকা দেখতে পাবে। এ পর্যায়ে আবেদনকারী তার **Eligible** কোর্সের তালিকা থেকে নতুন করে পছন্দক্রম নির্ধারণ করে এন্ট্রি দিবে। এভাবে একজন আবেদনকারী তার পছন্দ অনুযায়ী মোট তিনটি কলেজে পর্যায়ক্রমে কোর্স পছন্দক্রম নির্ধারণ করে রিলিজ স্লিপের আবেদন ফরম পূরণ করবে। |
| আবেদন ফরম চূড়ান্তকরণ | সঠিক তথ্যসহকারে ফরম পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করলে আবেদনকারী তার নাম, রোল নম্বর, কলেজের নাম ও কোর্স পছন্দক্রমসহ রিলিজ স্লিপের আবেদন ফরম ওয়েবসাইটে দেখতে পাবে। উক্ত ফরমটি **Download** করে **A4 (8.5”×11”)** অফসেট সাদা কাগজে প্রিন্ট **(Print)** নিতে হবে তবে এটি আবেদন ফরমে উল্লিখিত কলেজসমূহে জমা দিতে হবে না বা কোন ফি প্রদান করতে হবে না। |
| রিলিজ স্লিপের আবেদন ফরম বাতিলকরণ | রিলিজ স্লিপের আবেদন ফরম চূড়ান্তকরণের পরেও কোন আবেদনকারী তার আবেদন ফরমে কলেজ/কোর্সের পছন্দক্রম সংশোধন বা পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে **Applicant Login** অপশনে গিয়ে প্রাথমিক আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে **Cancel Release Slip** অপশনে গিয়ে **Click to Generate the Security Key** ক্লিক করতে হবে। এ সময়ে আবেদনকারী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে **SMS** এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবে। এই **OTP** এন্ট্রি দিয়ে আবেদনকারী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে রিলিজ স্লিপের আবেদন ফরম পূরণ করতে পারবে। আবেদনকারী এ সুযোগ কেবল একবারই পাবে। |
| রিলিজ স্লিপের ফলাফল | রিলিজ স্লিপের ফলাফল নির্ধারিত সময়ে প্রকাশ করা হবে। রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের কোর্স পরিবর্তনের কোন সুযোগ থাকবে না। |
| রিলিজ স্লিপের ভর্তি ফরম সংগ্রহ | শিক্ষার্থী রিলিজ স্লিপের মাধ্যমে তার নির্বাচিত কলেজে কোর্স বরাদ্দ পেলে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Professional Applicant's Login** অপশনে গিয়ে ভর্তি ফরম পূরণ করে এর প্রিন্ট/**pdf** কপি সংগ্রহ করবে। এছাড়া শিক্ষার্থীকে কোর্সভিত্তিক রেজিস্ট্রেশন ফি [১৩(খ) নং অনুচ্ছেদে বর্ণিত হারে] সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাকিং এর মাধ্যমে জমা দিতে হবে। |

## ১১। কলেজ কর্তৃপক্ষের করণীয় বিষয়সমূহ

| ধাপসমূহ | করণীয় |
|---|---|
| কলেজ লগইন | কলেজকে ভর্তি কার্যক্রম পরিচালনার লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **College (undergraduate) Login** অপশনে গিয়ে তাদের জন্য বরাদ্দকৃত **User ID** ও **Password** এন্ট্রি দিতে হবে। প্রাথমিক আবেদন ফরম/চূড়ান্ত ভর্তি নিশ্চয়নের সময় **Click to Generate the Security Key** অপশনে ক্লিক করলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রদত্ত মোবাইল নম্বরে **SMS** ও কলেজ ই-মেইল এর মাধ্যমে **One Time Password (OTP)** দেয়া হবে। এই **OTP** ব্যবহার করে সংশ্লিষ্ট কলেজ আবেদনকারীদের প্রাথমিক আবেদন ফরম/চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে পারবে।<br>২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে সংশ্লিষ্ট কলেজের ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে বরাদ্দকৃত **User ID, Password** এবং **One Time Password (OTP)** জন্য প্রদত্ত মোবাইল নম্বর বহাল থাকবে। |
| প্রাথমিক আবেদন ফি সংগ্রহ | কলেজ তাদের নিজস্ব তত্ত্বাবধানে নির্ধারিত মোবাইল ব্যাকিং এর মাধ্যমে আবেদনকারী প্রার্থীদের প্রাথমিক আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা গ্রহণ করবেন। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজ তাদের নিজস্ব ওয়েবসাইটে ও নোটিশ বোর্ডে আবেদনকারী প্রার্থীদের নির্দেশনা প্রদান করবেন।<br>কলেজ কর্তৃক কোন আবেদনকারীর প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করা না হলে ঐ আবেদনকারীর মেধা তালিকা প্রণয়ন করা হবে না। |
| প্রাথমিক ও চূড়ান্ত ভর্তির আবেদন ফরম নিশ্চয়ন | নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কলেজকে সকল আবেদনকারীর প্রাথমিক ও চূড়ান্ত ভর্তির আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন নিশ্চিত করতে হবে। কলেজ কর্তৃক কোন প্রাথমিক/চূড়ান্ত ভর্তির আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করা না হলে সেই শিক্ষার্থী ভর্তিযোগ্য বলে বিবেচিত হবে না।<br>যে সকল শিক্ষার্থী মেধা তালিকায় স্থান পেয়ে ভর্তি হয়েছে এবং একই সঙ্গে কোটায় নতুন কোর্স বরাদ্দ পেয়েছে সে সকল শিক্ষার্থী কোটায় বরাদ্দকৃত কোর্সে ভর্তি হতে চাইলে তাদেরকে কলেজ কর্তৃক কোটার ভর্তি অনলাইনে অবশ্যই নিশ্চয়ন করতে হবে। এক্ষেত্রে কোটার ভর্তির জন্য কোন ফি গ্রহণ করা যাবে না। |

| | |
|---|---|
| প্রাথমিক আবেদন ফি'র নির্ধারিত অংশ "সোনালী ব্যাংক" এর মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রেরণ | কলেজকে প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [আবেদনকারী প্রতি ২০০/- (দুইশত) টাকা হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে Login এর মাধ্যমে **Application Payment Info (Prof.)** অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করতে হবে। Pay Slip এ ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি ফান্ডের সঞ্চয়ী হিসাব নম্বর- **0218100003245** উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ 'সোনালী ব্যাংক' এর যে কোন শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। |

## ১২। চূড়ান্ত ভর্তির বিষয়ে কলেজের করণীয়

| ধাপসমূহ | করণীয় |
|---|---|
| শিক্ষার্থীদের ভর্তি অনলাইনে নিশ্চয়ন | সংশ্লিষ্ট কলেজকে মেধা তালিকা, রিলিজ স্লিপ ও কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের স্ব স্ব কোর্সে চূড়ান্ত ভর্তি নিশ্চয়নের লক্ষ্যে নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে এন্ট্রি সম্পন্ন করতে হবে। কলেজ কর্তৃক কোন শিক্ষার্থীর চূড়ান্ত ভর্তি অনলাইনে নিশ্চয়ন করা না হলে উক্ত শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না। |
| রেজিস্ট্রেশন ফি'র নির্ধারিত অংশ "সোনালী ব্যাংক" এর মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রেরণ | কলেজকে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [অনুচ্ছেদ-১৩(খ) এ বর্ণিত হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ লক্ষ্যে কলেজকে Login এর মাধ্যমে **Admission Payment Info (Prof.)** অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করতে হবে। Pay Slip এ ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রফেশনাল "রেজিস্ট্রেশন ফি" খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- **0218100000134** উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ 'সোনালী ব্যাংক' এর যে কোন শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। |

## ১৩। ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সসমূহে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফিসের হার

ক) প্রাথমিক আবেদন ফি

| | |
|---|---|
| আবেদনকারী প্রতি প্রাথমিক আবেদন ফি | = ৩০০/- (তিনশত) টাকা<br>[জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ ২০০/- (দুইশত) টাকা ও কলেজের অংশ ১০০/-(একশত) টাকা] |

খ) কোর্সভিত্তিক রেজিস্ট্রেশন ফি

| কোর্সের নাম | ফিসের ধরণ | ফিসের হার |
|---|---|---|
| 1. Bachelor of Business Administration (BBA)<br>2. Bachelor of Education (BEd)<br>3. Bachelor of Fine Arts (BFA)<br>4. Apparel Manufacture and Technology (AMT)<br>5. Fashion Design and Technology (FDT)<br>6. Knitwear Manufacture and Technology (KMT) | i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি<br>ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি<br>iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি<br>iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি | = ১,০০০/- (এক হাজার) টাকা<br>= ২০/- (বিশ) টাকা<br>= ৫/- (পাঁচ) টাকা<br>= ১০/- (দশ) টাকা<br>মোট = ১,০৩৫/- (এক হাজার পঁয়ত্রিশ) টাকা |
| 7. Computer Science and Engineering (CSE)<br>8. Electronics and Communication Engineering (ECE)<br>9. Tourism and Hospitality Management (THM)<br>10. Theatre and Media Studies (TMS) | i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি<br>ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি<br>iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি<br>iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি | = ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা<br>= ২০/- (বিশ) টাকা<br>= ৫/- (পাঁচ) টাকা<br>= ১০/- (দশ) টাকা<br>মোট = ১,৫৩৫/- (এক হাজার পাঁচশত পঁয়ত্রিশ) টাকা |
| 11. BBA in Aviation Management<br>12. BSc in Aeronautical and Aviation Science | i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি<br>ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি<br>iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি<br>iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি | = ১৫,০০০/- (পনের হাজার) টাকা<br>= ২০/- (বিশ) টাকা<br>= ৫/- (পাঁচ) টাকা<br>= ১০/- (দশ) টাকা<br>মোট = ১৫,০৩৫/- (পনের হাজার পঁয়ত্রিশ) টাকা |
| 13. শিক্ষার্থী প্রতি ভর্তি বাতিল ফি<br>14. শিক্ষার্থী প্রতি ভর্তি পুন:বহাল ফি | = ৭০০/- (সাতশত) টাকা<br>= ৭০০/- (সাতশত) টাকা | |

♦ এই ভর্তি নির্দেশিকার যে কোন নিয়মাবলী/ধারা/উপধারা সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

০৫/০৯/২০২১

(প্রফেসর ড. মোঃ নাসির উদ্দিন)
ডিন (ভারপ্রাপ্ত), স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
ও
সদস্য সচিব, স্নাতক (সম্মান) ভর্তি পরিচালনা মূল কমিটি
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন : ০২-৯২৯১০৬৮, ০২-৯২৯১০৮৪
ফ্যাক্স-৯২৯১০৭২, ই-মেইল- deanug@nubd.info

© কপি-রাইট: জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ